# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪০

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - গোসলের সুন্নাত নিয়ম

## আরবী

عَن سَمُرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ تَوَضَّأَ يَوْمَ الْجُمُعَةِ فَبِهَا وَنِعْمَتْ وَمَنِ اغْتَسَلَ فَالْغُسْلُ أَفْضَلُ» . رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُد وَالتِّرْمِذِيّ وَالنَّسَائِيّ والدارمي

## বাংলা

৫৪০-[৪] সামুরাহ্ ইবনু জুনদুব (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে লোক জুমু’আর দিন শুধু উযূ (ওযু/ওজু/অজু) করে ফরয (কাজ) আদায় করেছে, আর এটা তার জন্য যথেষ্ট। আর যে লোক (জুমু’আর দিন) গোসল করেছে- এ গোসল তার জন্য খুবই কল্যাণকর। (আহমাদ, আবূ দাঊদ, তিরমিযী, নাসায়ী ও দারিমী)[1]

## ফুটনোট

[1] হাসান : আহমাদ ২০১৭৪, আবূ দাউদ ৩৫৪, তিরমিযী ৪৯৭, নাসায়ী ১৩৮০, দারিমী ১৫৮১। এ হাদীসের বর্ণনাকারী সকলেই বিশ্বস্ত। তবে সামুরাহ্ থেকে হাসান বসরীর বর্ণনাটি তাদলীসের পর্যায়ভুক্ত এবং সামুরাহ্ থেকে শ্রবণের বিষয়টি তিনি স্পষ্ট করেননি। তারপরেও এর অনেকগুলো শাহিদ বর্ণনা থাকায় তা হাসান স্তরে উন্নীত হয়েছে।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস হতে বুঝা যায় যে, জুমু‘আর দিবস উযূ (ওযু/ওজু/অজু) করা উত্তম। আর সে ব্যক্তি গোসল করতে চায় তার জন্য তা’ আরো উত্তম। এ হাদীসটি দ্বারা কেউ কেউ জুমু‘আর দিবস গোসল ওয়াজিব না হওয়ার প্রমাণ পেশ করেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55097

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন